

২ জনকণ্ঠ

দেশে আন্তর্জাতিক মানের উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি করুন ॥ এনএসইউ'র ১০ বছর পূর্তিতে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, পরিবর্তিত বিশ্ব পরিস্থিতিতে দেশে আন্তর্জাতিক মানের উচ্চ শিক্ষা ব্যবস্থার সুযোগ সৃষ্টি করা খুবই জরুরি হয়ে পড়েছে। শিক্ষা খাতে বেসরকারী উদ্যোগীদের উৎসাহে তিনি বলেন, 'বর্তমান বিশ্ব পরিস্থিতিতে উচ্চ শিক্ষার জন্য আমাদের ছাত্র-ছাত্রীদের বিদেশে যাওয়ার সুযোগ ক্রমেই সঙ্কুচিত হয়ে আসছে। আপনারা উদ্যোগী হন, দেশে অন্তত একটি বিশ্বমানের বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিন।' খবর বাসসর।

বৃহস্পতিবার সকালে দেশের প্রথম বেসরকারী বিশ্ববিদ্যালয় 'নর্থসাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ১০ বছর পূর্তি ও নতুন স্থায়ী ক্যাম্পাসের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আরও বলেন, 'আমি মনে করি এ ধরনের বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে এ অঞ্চলের অন্যান্য দেশ থেকে ছাত্র-ছাত্রীরা এ দেশে আসবে। বেগম জিয়া বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সীমাবদ্ধতা যেন তাদের উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত করতে না পারে সেদিকে দৃষ্টি দেয়ার আহ্বান জানান। তিনি ১৯৯২ সালে বিএনপি সরকারের আমলে দেশে বেসরকারী খাতে উচ্চতর শিক্ষা

প্রবর্তন করেন। প্রধানমন্ত্রী বলেন, জ্ঞান অর্জনের সুযোগকে কোন বিশেষ শ্রেণীর মধ্যে আবদ্ধ করে রাখা উচিত হবে না। তিনি বলেন, জ্ঞান ও শিক্ষার বাণিজ্যিকীকরণ কখনই সম্ভব নয়। শিক্ষকদের প্রতি ছাত্র-ছাত্রীদের শিক্ষাদানে অধিক নিষ্ঠাবান ও আন্তরিক হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষকদের ব্যাপারে প্রায়ই একটি অভিযোগ শোনা যায়, তাঁরা ক্লাসের কনসালট্যান্ট, এনজিও এবং অন্যান্য কাজে বেশি সময় দেন। বেগম জিয়া বলেন, তিনি নিজেও চান না যে, দেশের গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসমূহ উচ্চ শিক্ষিত ও অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকদের সং পরামর্শ থেকে বঞ্চিত হোক। উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. উসমান ফারুক, এনএসইউ ফাউন্ডেশনের চেয়ারম্যান এবিএম কামালউদ্দিন খান, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ইফতেখারুল আলম এবং এনএসইউর উপাচার্য ডা. হাফিজ জিএ সিদ্দিকীও বক্তৃতা করেন। অনুষ্ঠানে মন্ত্রী, এমপি, কূটনীতিক, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ এবং এনএসইউর অনুষদ সদস্যসহ সাবেক ও বর্তমান ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।